



গাজীপুর সিটি কর্পোরেশন
নগর ভবন
প্রশাসন শাখা
gcc.gov.bd



শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি

স্মারক নং ৪৬.১৯.০০০০.০০৪.১৮.০০৩.২০. ৫২০

তারিখ: ০৯ কার্তিক ১৪২৯
২৫ অক্টোবর ২০২২

বিষয়: কারণ দর্শানোর নোটিশ।

সূত্র: ১। অত্র অফিসের স্মারক নং ৪৬.১৯.০০০০.০০৪.১৮.০০৩.২১.১৬৬/১ (৮)
২। অত্র অফিসের স্মারক নং ৪৬.১৯.০০০০.০০৪.১৮.০০৩.২০.৪০৭

তারিখ: ২০/০৪/২০২২খ্রি:
তারিখ: ৩১/০৮/২০২২খ্রি:

উপর্যুক্ত বিষয়ে ও সূত্রোক্তয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, আপনি জনাব নেজামুল হককে ১নং সূত্রোক্ত স্মারকের মাধ্যমে গত ২০/০৪/২০২২ খ্রি: তারিখে নগর ভবন প্রশাসন শাখার সহকারী সচিব পদের চলতি দায়িত্ব থেকে অব্যাহতি প্রদান করে অঞ্চল ৮ এ বদলী করা হয়।

২নং সূত্রোক্ত স্মারকের মাধ্যমে গত ৩১/০৮/২০২২খ্রি: তারিখে সহকারী সচিব পদে চলতি দায়িত্ব প্রদানের অফিস আদেশ বাতিল করে প্রশাসনিক কর্মকর্তার দায়িত্ব প্রদান পূর্বক পুনরায় অফিস আদেশ জারি করা হয়।

কিন্তু লক্ষ্য করা যাচ্ছে যে, কর্তৃপক্ষের নির্দেশ অমান্য করে এখনো বাতিলকৃত সহকারী সচিব পদবী ব্যবহার করছেন এবং উক্ত পদের বিপরীতে হাজিরা রেজিস্টারে স্বাক্ষর দিয়ে যাচ্ছেন। যা অসদাচরণ, উর্ধ্বতন কর্মকর্তার আইন সংগত আদেশ অমান্যকরণ এবং কর্তব্যে অবহেলা প্রদর্শন এর সামিল।

এরূপ কার্যকলাপে কেন আপনার বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ বিধি-২ এর (খ) ও (খ) এর (অ) (আ) এবং (ই) উপবিধি মোতাবেক আইনগত ব্যবস্থা গ্রহণ করা হবে না তার যথোপযুক্ত কারণ নোটিশ প্রাপ্তির ৭ (সাত) কর্মদিবসের মধ্যে দর্শানোর জন্য বলা হ'ল। অন্যথায় বিধি মোতাবেক ব্যবস্থা গ্রহণ করা হবে।

জনাব নেজামুল হক
প্রশাসনিক কর্মকর্তা
অঞ্চল-৮, গাজীপুর সিটি কর্পোরেশন

২৫/১০/২০২২
মো: আব্দুল হান্নান
(উপসচিব)
সচিব

গাজীপুর সিটি কর্পোরেশন
টেলিফোন: ০২-৪৯২৭৩১১২
E-mail: secretary@gcc.gov.bd

অনুলিপি: (জ্ঞাতার্থে/কার্যার্থে)

- ১। বিভাগীয় প্রধান (সকল), গাজীপুর সিটি কর্পোরেশন
- ২। আঞ্চলিক নির্বাহী কর্মকর্তা, অঞ্চল-৮, গাজীপুর সিটি কর্পোরেশন (তিনি এ বিষয়ে ১টি প্রতিবেদন দিবেন)
- ৩। আঞ্চলিক নির্বাহী কর্মকর্তা (সকল), গাজীপুর সিটি কর্পোরেশন
- ৪। মেয়র মহোদয়ের একান্ত সচিব, গাজীপুর সিটি কর্পোরেশন (মাননীয় মেয়র মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ৫। প্রধান নির্বাহী কর্মকর্তার স্টাফ অফিসার, গাজীপুর সিটি কর্পোরেশন (প্রধান নির্বাহী কর্মকর্তা মহোদয়ের সদয় অবগতির জন্য)
- ৬। প্রোগ্রামার, গাজীপুর সিটি কর্পোরেশন (ওয়েব সাইটে প্রকাশের জন্য)